দৈনিক বাংলা

তারিখ ... 15 MAY 1990
পৃষ্ঠা ... ১ কলাম ... ৫

46

৯/

## বিভিন্ন স্থানে হাঙ্গামা ঃ চার বোর্ডে ১৩০০ বহিষ্কার

# প্রশ্ন ফাঁস ঃ কুমিল্লা বোর্ডের বিজ্ঞান পরীক্ষা স্থগিত

।। স্টাফ রিপোর্টার ।।

প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ায় সোমবার কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষার সাধারণ বিজ্ঞান (তাত্ত্বিক) প্রথম পত্রের পরীক্ষা স্থগিত রাখা হয়েছে। গতকাল সকালে এই পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

বোর্ড সূত্রে জানা গেছে, সাধারণ বিজ্ঞান প্রথমপত্রের পরীক্ষা অনুষ্ঠানের তারিখ পরে জানান হবে। অন্যান্য বিষয়ের পরীক্ষা অপরিবর্তিত থাকবে।

বার্তা সংস্থা বাসস জানায়, সরকার কুমিল্লা বোর্ডের প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনা তদন্তের জন্যে তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেছেন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডক্টর সালেহ আহমদ এই কমিটির প্রধান। এক সপ্তাহের মধ্যে সরকারের কাছে তদন্ত কমিটির রিপোর্ট পেশের কথা।

এদিকে প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনাকে কেন্দ্র করে চট্টগ্রাম, নোয়াখালী ও কুমিল্লাসহ কুমিল্লা বোর্ডের অধীন বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে গোলযোগ, সংঘর্ষ ও বিক্ষোভ হয়।

গতকাল দেশের চারটি শিক্ষা বোর্ডে আরও ১৩৩২ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কার করা হয়েছে। এছাড়া নকলে সহায়তা করার জন্য গতকাল ঢাকা ও কুমিল্লা

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)